একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

গাবতলী, বগুড়া।

(www.gabtali.bogra.gov.bd)

স্মারক নং- ০৫.৫০.১০৪০.১২.০৪০.২৬.১১৯০

তারিখ : ১৬ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ / ০১ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,স্থানীয় সরকার বিভাগের ১৯ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/০৩ জুলাই ২০১৭ খ্রিষ্টাব্দ তারিখের এস,আর,ও নং ২৩২-আইন/২০১৭ প্রজ্ঞাপনমূলে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ (সংশোধিত-২০১৭) এর বিধি ৭ মোতাবেক বগুড়া জেলার আওতাধীন গাবতলী উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের পার্শ্বে উল্লিখিত মহল্লাদার (গ্রাম-পুলিশ) এর শূন্যপদে সরাসরি নিয়োগের মাধ্যমে পুরণের নিমিত্ত সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে বর্ণিত শর্তসাপেক্ষে চাকরির নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম	ইউনিয়নের নাম	ওয়ার্ড নং	পদের সংখ্যা	বেতন/ভাতাদি	শিক্ষাগত যোগ্যতা
০১	মহল্লাদার (গ্রামপুলিশ)	২ নং সোনারায় ইউনিয়ন	৬, ৭	০২টি	সরকার কর্তৃক নির্ধারিত সর্বসাকুল্যে (ইউপি অংশ ৩৭৫০ + সরকারি অংশ ৩৭৫০) ও বিধি-মোতাবেক অন্যান্য ভাতাদি।	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০২		৩ নং রামেশ্বরপুর ইউনিয়ন	৩, ৯	০২টি		
০৩		৪ নং নাড়ুয়ামালা ইউনিয়ন	৪, ৫	০২টি		
০৪		৫ নং নেপালতলী ইউনিয়ন	৯	০১টি		
০৫		৬ নং দুর্গাহাটা ইউনিয়ন	৫, ৮	০২টি		
০৬		৭ নং গাবতলী সদর ইউনিয়ন	৯	০১টি		
০৭		৯ নং নশিপুর ইউনিয়ন	১, ৭	০২টি		
০৮		১০ নং বালিয়াদিঘী ইউনিয়ন	৪, ৭	০২টি		
০৯		১১ নং দক্ষিণপাড়া ইউনিয়ন	১, ৯	০২টি		
১০		১২ নং সুখানপুকুর ইউনিয়ন	৪	০১টি		

শর্তাবলী:

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং সংশ্লিষ্ট ওয়ার্ড/ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। আবেদনপত্রে প্রার্থীর (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জাতীয়তা (ছ) ধর্ম (জ) জন্ম তারিখ (ঝ) বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে বয়স (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখসহ প্রার্থীকে চাকরির নির্ধারিত ফরমে (আবেদন মডেল ফরমে) দরখাস্ত লিখে জমা দিতে হবে। আবেদন ফরম নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় অথবা **www.gabtali.bogra.gov.bd** ওয়েব সাইট হতে সংগ্রহ করা যাবে।

০৩। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে;
(ক) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
(খ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি;
(গ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
(ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি ০৩ (তিন) কপি;
(ঙ) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও প্রযোজ্য ক্ষেত্রে পোষ্য সনদের সত্যায়িত অনুলিপি;
(চ) উপজেলা নির্বাহী অফিসার,গাবতলী,বগুড়া এর বরাবরে ৩০০/- (তিনশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে;
(ছ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এর ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদের সত্যায়িত অনুলিপি;
(জ) মহল্লাদার পদের নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর প্রয়োজনীয় শারীরিক যোগ্যতা: (১) পুরুষ প্রার্থীর ক্ষেত্রে-(ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, (খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ), (গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি এবং (২) মহিলা প্রার্থীর ক্ষেত্রে-(ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, (খ) সর্বনিম্ন বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ), (গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।

০৪। প্রার্থীর সনদপত্র ও ছবি সত্যায়নের ক্ষেত্রে গেজেটেড কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার করতে হবে;

০৫। আবেদনের তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নহে;

০৬। আবেদনপত্র আগামী ৩১/১০/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অফিস চলাকালীন ডাকযোগে/সরাসরি পৌছাতে হবে। প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০/=টাকার ডাক টিকিটযুক্ত ৪.৫/১০ ইঞ্চি সাইজের ফেরত খাম সংযুক্ত করতে হবে। খামের উপরে বড় অক্ষরে পদের নাম, ওয়ার্ড নম্বর, ইউনিয়নের নাম এবং কোটা (যদি থাকে) উল্লেখ করতে হবে।

০৭। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;

০৮। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না;

০৯। কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলেও কর্তৃপক্ষের নজরে আসামাত্র কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই নিয়োগাদেশ বাতিল করা হবে;

১০। বিধি মোতাবেক কোটা সংরক্ষণ করা হবে;

১১। আবেদনপত্র গ্রহণ/বাতিল ও সংরক্ষণসহ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশের পরিবর্তন/সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০১/১০/২০২৬

(মোহাম্মদ হাফিজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
মহল্লাদার (গ্রামপুলিশ) নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
গাবতলী, বগুড়া
টেলিফোন: ০২৫৮৯৯১০৩০১

CS CamScanner

বরাবর,
উপজেলা নির্বাহী অফিসার,
গাবতলী, বগুড়া।

৫×৫ সে. মি. ছবি
(সম্প্রতি তোলা ৩ কপি)

১	পদের নাম ঃ									
২	বিজ্ঞপ্তি নম্বর ঃ	তারিখ	দি	ন	মা	স	ব	ৎ	স	র
৩	প্রার্থীর নাম	বাংলায় ঃ								
		ইংরেজীতে (বড় অক্ষরে) ঃ								
৪	জাতীয় পরিচয়পত্র									যেকোন একটি
	জন্মনিবন্ধন নম্বর									
৫	জন্মতারিখ		৬. জন্ম স্থান জেলা) ঃ							
৭	বিজ্ঞপ্তির লিখিত তারিখে প্রার্থীর বয়স ঃ	বছর	মাস	দিন						
৮	মাতার নাম ঃ									
৯	পিতার নাম ঃ									

	ঠিকানা	বর্তমান	স্থায়ী
১০	বাসা ও সড়ক (নাম/নম্বর) ঃ		
	গ্রাম/পাড়া/মহল্লা ঃ		
	ইউনিয়ন/ওয়ার্ড ঃ		
	ডাকঘর ঃ		
	পোষ্টকোড নম্বর ঃ		
	উপজেলা ঃ		
	জেলা ঃ		

১১	যোগাযোগ	মোবাইল/টেলিফোন নম্বরঃ	ই-মেইল (যদি থাকে)ঃ	
১২	জাতীয়তা ঃ	১৩	জেন্ডার ঃ	
১৪	ধর্ম ঃ	১৫	পেশা ঃ	

১৬ শিক্ষাগত যোগ্যতা ঃ

পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	গ্রেড/শ্রেণী/বিভাগ

১৭	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে)									
১৮	অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ									
১৯	কোটা(টিক দিন)	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা	এতিম/শারীরিক প্রতিবন্ধী							
		ক্ষুদ্র নৃ-গোষ্ঠী	আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য	অন্যান্য (উল্লেখ করুন)						
২০	ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর	তারিখ	দি	ন	মা	স	ব	ৎ	স	র

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লেখিত তথ্য প্রমাণের জন্য সকল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণ হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ ঃ

প্রার্থীর পূর্ণ স্বাক্ষর

CamScanner

বরাবর,

উপজেলা নির্বাহী অফিসার
গাবতলী,বগুড়া।

বিষয় : 'মহল্লাদার (গ্রাম পুলিশ)' পদে চাকুরীর জন্য আবেদন।

মহোদয়,

সবিনয় নিবেদন এই যে, আমি গত ....অক্টোবর, ২০২৬ খ্রিঃ তারিখে 'দৈনিক করতোয়া' পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি মারফত জানতে পারলাম যে, আপনার অধীনে.......................ইউনিয়ন পরিষদের ....নং ওয়ার্ডে মহল্লাদার (গ্রাম পুলিশ) পদে লোক নিয়োগ করা হবে। উক্ত পদের জন্য আমি একজন আগ্রহী প্রার্থী হিসেবে আমার শিক্ষাগত যোগ্যতাসহ জীবন বৃত্তান্ত নিম্নে পেশ করলাম।

০১. নাম : ....

০২. পিতা/স্বামীর নাম : ....

০৩. মাতার নাম : ....

০৪. স্থায়ী ঠিকানা : গ্রাম : .... ডাকঘর : ....
ইউনিয়ন : .... ওয়ার্ড নং : ....
উপজেলা : .... জেলা : বগুড়া।

০৫. বর্তমান ঠিকানা : গ্রাম : .... ডাকঘর : ....
ইউনিয়ন : .... ওয়ার্ড নং : ....
উপজেলা : .... জেলা : বগুড়া।

০৬. জন্ম তারিখ : ....

০৭. বয়স(...অক্টোবর ২০২৬ তারিখে) : ....

০৮. ধর্ম : ....

০৯. জাতীয়তা : ....

১০. লিঙ্গ : ....

১১. জাতীয় পরিচয় পত্র : ....

১২. মোবাইল নম্বর : ....

১৩. বৈবাহিক অবস্থা : ....

১৪. শিক্ষাগত যোগ্যতা :

পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	বিভাগ/বিষয়	পাশের সন	জিপিএ/শ্রেণি	শিক্ষাবোর্ড

১৫. শারীরিক যোগ্যতা : উচ্চতা : বুকের মাপ : ওজন :

অতএব, মহোদয় অনুগ্রহ পূর্বক উপরোক্ত তথ্যাদির আলোকে মহল্লাদার পদে আমাকে নিয়োগ দানে সদয় মর্জি হয়।

তারিখ :

বিনীত নিবেদক

নাম : ....
পিতা/স্বামীর নাম : ....
গ্রাম : ....
....
মোবাইল নং : ....

সংযুক্তি :
(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি
(খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র
(গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি
(ঘ) জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি
(ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্রের মূল কপি
(চ) সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দার সনদপত্র (চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত)
(ছ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি

CS CamScanner